

Kannuciini Bullein

May-August 2016

য়ু<u> দিনী</u> বুলেটিন

মে=আগস্ট ২০১৬

এ বছর দানবীর রণদা প্রসাদ সাহা স্মারক সম্মাননা ও স্বর্ণপদক পেলেন দেশের তিন বরেণ্য ব্যক্তিত্ব

Three Eminent Personalities
Conferred With Ranada Prasad Shaha
Commemorative Honour and Gold Medal



KWT conferred 'Philanthropist R P Shaha Commemorative Honour Gold Medal-2016' formally on three eminent personalities of the country this year. Persons in the picture (Sitting from left) are: Prof Dr. Abdul Jalil, Prof Abdullah Abu Sayed, Advocate Sultana Kamal, Emeritus Professor Dr. Anisuzzaman, Prof Dr. Syed Anwar Hossain, Mr. Shykh Seraj, Principal Protiva Mutsuddy. (Standing from left) Mr. Rajiv Prasad Shaha, Mrs Srimati Shaha and Ms Uma Roy Chowdhury.

ঢাকায় বাংলা একাডেমির আবদুল করিম সাহিত্য বিশারদ মিলনায়তনে গত ১৪ মে আয়োজিত এক অনুষ্ঠানে দেশের তিন বরেণ্য ব্যক্তিত্বকে 'দানবীর রণদা প্রসাদ সাহা স্মারক সম্মাননা ও স্বর্ণপদক-২০১৬' প্রদান করা হয়। এই তিন ব্যক্তিত্ব হলেন প্রয়াত কবি বেগম সুফিয়া কামাল, আলোকিত মানুষ গড়ার কারিগর অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ ও কৃষিক্ষেত্রে পরিবর্তনের রূপকার শাইখ সিরাজ। উল্লেখ্য, প্রয়াত কবি বেগম সুফিয়া কামালের সম্মাননা পদক গ্রহণ করেন তাঁরই সুযোগ্যা কন্যা অ্যাডভোকেট সূলতানা কামাল।

বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালে স্বাধীনতাবিরোধী শক্তি কর্তৃক ১৯৭১ সালের ৭ মে তারিখে অপহৃত কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের Three eminent personalities of the country were conferred Philanthropist Ranada Prasad Shaha commemorative honour and gold medal -2016. The programme was organized at the Abdul Karim Shahitya Bisharod Hall of Bangla Academy at Dhaka on 14 May 2016. The three recipients were late poet Begum Sufia Kamal, Professor Abdullah Abu Sayed and Mr. Shykh Seraj. Advocate Sultana Kamal received medal on behalf of her mother late poet Begum Sufia Kamal.





Advocate Sultana Kamal receiving award on behalf of her mother poet Begum Sufia Kamal.

প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা ও তাঁর পুত্র ভবানী প্রসাদ সাহার শোকাবহ ঘটনা স্মরণে দেশের বিশিষ্ট ব্যক্তিদের সম্মাননা পদক প্রদানের ধারাবাহিকতায় উক্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়। এবার ছিল দানবীরের ৪৫তম অপহরণ দিবস। সম্মাননা ও স্বর্ণপদক প্রদানের এ প্রয়াস শুরু হয় ২০১৫ সাল থেকে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমেরিটাস অধ্যাপক ড. আনিসূজ্জামানের সভাপতিতে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে 'অসাম্প্রদায়িক-মানবিক বাংলাদেশ অন্বেষণ' শীর্ষক স্মারক বক্ততা প্রদান করেন একই विश्वविদ্যालयुत সুপারনিউমারেরি অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন। স্বাগত ভাষণ দেন কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের একাডেমিক উপদেষ্টা প্রফেসর ডা. আবদুল জলিল। দানবীর রণদা প্রসাদ সাহার জীবন ও মানব কল্যাণে তাঁর অবদান সম্পর্কে আলোকপাত করেন ট্রাস্টের পরিচালক প্রিঙ্গিপাল প্রতিভা মুৎসুদ্দি। অনুষ্ঠানের সূচনা হয় 'মরণ সাগর পারে তোমরা অমর/ তোমাদের স্মরি' সমবেত কর্চে এই রবীন্দ্র সঙ্গীতটি পরিবেশনের মধ্যে দিয়ে। এটি পরিবেশন করেন কুমুদিনীর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের একটি দল। তারপর স্বাধীনতা যুদ্ধের শহীদদের আত্মার শান্তি কামনা করে এক মিনিট নিরবতা পালনের পর মঞ্চে উপবিষ্ট অতিথিবন্দকে ফুলের তোড়া উপহার দিয়ে এবং উত্তরীয় পরিয়ে সংবর্ধনা জানানো হয়। স্বাগত ভাষণের পর শুরু হয় স্মারক বক্তৃতা। বক্তৃতা শেষে তিন বরেণ্য ব্যক্তিত্বের সংক্ষিপ্ত জীবনী ও স্ব-স্থ ক্ষেত্রে তাঁদের অবদান সম্পর্কে পাঠ করে শুনানো হয়। অতঃপর গলায় স্বর্ণপদক পরিয়ে ও সম্মাননা সনদ প্রদান করে আলোচ্য তিন বরেণ্য ব্যক্তিকে বিপুল করতালির মাধ্যমে সম্মানিত করা হয়। স্বর্ণপদক প্রদান করেন অধ্যাপক ড. আনিসুজ্জামান এবং সম্মাননা সনদ প্রদান করেন कुमुमिनी ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক রাজীব প্রসাদ সাহা। স্মারক বক্তা ও অনুষ্ঠানের সভাপতিকে কুমুদিনী সামগ্রী দিয়ে উপহৃত করেন যথাক্রমে শহীদ ভবানী প্রসাদ সাহার পতী শ্রীমতী সাহা ও শহীদ রণদা প্রসাদ সাহার দৌহিত্রী উমা রায় চৌধুরী।

The programme was arranged in memory of the sad event of disappearance of the founder of Kumudini Welfare Trust (KWT) Philanthropist Ranada Prasad Shaha and his son Mr Bhavani Prasad Shaha. Both of them were kidnapped by the Pakistan Army and their collaborators on the night of 7 May 1971 during our liberation war. This year was the 45th anniversary of their disappearance. Commemorative Honour and Gold Medal programme was introduced in 2015.

The programme was presided over by Emeritus Professor of Dhaka University Dr. Anisuzzaman. The commemorative speech titled "In search of noncommunal and human Bangladesh" was delivered by Supernumerary Professor of Dhaka University Dr. Syed Anwar Hossain. The welcome address was delivered by Professor Dr. Abdul Jalil the academic adviser of Kumudini Women's Medical College. Director of KWT Ms Protiva Mutsuddy spoke on the life and social service rendered by Philanthropist Ranada Prasad Shaha.

The programme began with the rendering of Tagore's song. This was presented by the students of the various educational institutions of KWT. A minute's silence was observed in memory of those who sacrificed their lives for the liberation of the country. The guests sitting in the dais were received with flower bouquets. The commemorative speech followed the welcome address. On conclusion of the speech the three award winners' short life sketch and their contribution in the respective fields were read out. This was followed by award of the gold medals and commemorative certificates. The audience welcome the event with huge applaud. The gold medals were handed over by Dr Anisuzzaman while the commemorative certificates were handed over by Manaiging Director of KWT Mr Rajiv Prasad Shaha.



পুরস্কার গ্রহণের পর সংবর্ধিত ব্যক্তিরা একে একে তাঁদের অনুভূতি ব্যক্ত করেন। মায়ের হয়ে স্বর্ণপদক-সম্মাননা সনদ গ্রহণ করে অ্যাডভোকেট সুলতানা কামাল অনুষ্ঠানে সবার আগে তাঁর অনুভূতি ব্যক্ত করেন। সুলতানা কামাল বলেন, মায়ের হয়ে আমি স্বর্ণপদক ও সম্মাননা গ্রহণ করলাম। এটা অবশ্যই আমার জন্য একটা সম্মানের বিষয়। পুরস্কার গ্রহণ করে ধন্য হলাম। মায়ের স্থাবর-অস্থাবর

সম্পত্তির উত্তরাধিকার হওয়া যায় কিন্তু আমার জানা ছিলনা যে. পুরস্কারেরও উত্তরাধিকার হওয়া যায়- আমি তা-ই হলাম। আবেগ তাডিত কণ্ঠে তিনি বলেন, আমরা যেন ৩০ লক্ষ শহীদের কথা বরাবর মনে রাখি। সুলতানা কামাল বলেন, মৃত্যু সংবাদ পাওয়ার পর এক সময় শোকের পরিসমাপ্তি ঘটে কিন্তু স্বজন-হারানো শোকের কখনও পরিসমাপ্তি ঘটে না। অনুভৃতি প্রকাশের এক পর্যায়ে তিনি দানবীর রণদা প্রসাদ সাহা ও ভবানী প্রসাদ

সাহার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

গণমাধ্যম ব্যক্তিত্ব শাইখ সিরাজ তাঁর অনুভূতি ব্যক্ত করতে গিয়ে বলেন, ব্যক্তির জন্য প্রতিটি পুরস্কার সম্মানের। পুরস্কার ব্যক্তিকে এগিয়ে নিয়ে যেতে, তার কাজের স্পৃহা যোগাতে প্রেরণা দেয়। আমার পাওয়া সবগুলো পুরস্কারের পাশাপাশি আজকে এখানে যে পুরস্কারটি পেলাম তা আমাকে অনেক বেশি সম্মানিত করেছে এতে কোনো সন্দেহ নেই। আমি সম্মানিত, আনন্দিত, উদ্বেলিত। জনাব সিরাজ বলেন, রণদা প্রসাদ সাহা সম্পর্কে আমাদের প্রজন্ম কত্টুকুই বা জানি। অসাম্প্রদায়িকতা থেকে শুরু করে একটি কল্যাণকর বাংলাদেশের স্বপ্র যখন থেকে দেখা শুরু হয়েছিল সেই সময় থেকে কুমুদিনী পরিবারটির আজকের এই বাংলাদেশ গড়ার পিছনে একটি বিশাল অবদান আছে। এই স্বপ্ন তাঁরা বহু আগে থেকেই দেখেছিলেন – একটি সাম্প্রদায়িক বাংলাদেশের।

সম্মাননা প্রাপ্তদের মধ্যে সবশেষে অনুভূতি ব্যক্ত করেন অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। তিনি বলেন, পুরস্কার আসলে ভালোবাসা। আমার মনে হয় পুরস্কার ভালবেসে দেওয়া এবং ভালবেসেই সেটা নিতে হয়। তিনি বলেন, আমি কুমুদিনীতে গিয়েছি, ভারতেশ্বরী হোমসে বক্তৃতা করেছি। কুমুদিনীর প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহাকে আমি সামনা-সামনি দেখেছি। তাঁর অনারম্ভর জীবন, সরল-সহজ জীবন এবং আত্মোৎসর্গকৃত জীবন সম্পর্কে আমরা জানি। অধ্যাপক সায়ীদ বলেন, যে মানুষ নিজেকে ভূলে যেতে পারে অন্যরা তাকে ভূলে না; স্মরণ করে। প্রসঙ্গক্রমে তিনি রবীন্দ্রনাথের কবিতা উদ্ধৃত করে বলেন 'আপনারে তুমি সহজে ভূলিয়া থাক / তোমারে আমরা ভূলিতে পারি নাই'। রণদা প্রসাদ সাহা নিজেকে ভূলেছেন, সেই জন্য শুধু কুমুদিনীই নয়, তাঁকে সারা বাংলাদেশ মনে রাখে।

Prof Dr Anisuzzaman and Prof Dr Sayed Anwar Hossain were honoured with gift items made by Kumudini and these were handed over by Mrs Srimati Shaha wife of Shahed Bhavani Prasad Shaha and Ms Uma Roy Chowdhury granddaughter of R P Shaha.



Mr. Shykh Seraj receiving award.

On receipt of the awards the recipients expressed their feelings. Advocate Sultana Kamal said that she was pleased to receive the award on behalf of her late mother and was deeply moved by the respect shown to her mother. She also said that the grief at the news of death of any near

and dear ones comes to an end but that of a missing loved one does never end.

Media personality Shykh Seraj said that prize for any individual is a matter of pride. Prize drives one to go forward and work hard. In addition to the many prizes that he had received this prize has given a lot more honour. He said that the present generation is not much aware of the contribution of Ranada Prasad Shaha to the society. Kumudini family since its inception has always been at the forefront as regard to building a non-communal society.

Prof Abdullal Abu Syed said that a prize is an expression of love. He had visited Kumudini Complex at Mirzapur, delivered speeches at Bharateswari Homes. He talked of the very simple and humble life that R P Shaha had lead. He also said that if one could forget himself the others would always remember him. This is what had happened with R P Shaha; he forgot all about himself so the whole Bangladesh remembers him.

Ms Protiva Mutsuddy the Director of KWT, spoke on the life and works of R P Shaha as she had seen him



এক প্রেরণাদায়ক বক্তব্য দেন শহীদ রণদা প্রসাদ সাহা যাকে 'মা' বলে সম্বোধন সেই মানুষ গড়ার কারিগর ভাষা সৈনিক প্রতিভা মুৎসুদি। তিনি বক্তৃতাকালে বলেন, সাত বছর বয়সে মাকে হারিয়ে যে শিশু এতিম হলো, মামা বাড়ি থেকে পালিয়ে গিয়ে যার জীবন সংগ্রাম শুরু, সে মানুষটি আপন চেষ্টায় বিত্তশালী হয়ে ১৯৩৮ সালে মির্জাপুরে নিজ গ্রামে দু:স্থ মানুষের সেবার উদ্দেশ্যে দাতব্য চিকিৎসালয় স্থাপন করেন। তারপর একে একে কতো প্রতিষ্ঠান। সবই মানুষের সেবার জন্য। বিত্তের পাহাড বিলিয়ে দিয়ে তিনি আবার ফকির হলেন। জেঠামনির আদর্শকে অনুসরণ করে আমরা মানুষের জন্য কাজ করব, সাম্প্রদায়িকতার বিষবাষ্প জীবন থেকে মুছে ফেলব। মিস মুৎসুদ্দি তাঁর বক্তৃতায় রণদা প্রসাদের আদর্শে অনুপ্রাণিত হয়ে সবাইকে সেবার পতাকা উড়াতে আকুল আহবান জানান। এইভাবে আমরা আমাদের স্বপ্নের দেশকে সোনার দেশে পরিণত করতে পারি। সম্মাননা প্রাপ্তদের এবং স্মারক বক্তাসহ উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে তিনি তাঁর বক্তৃতার ইতি টানেন। সবশেষে ছিল অধ্যাপক ড. আনিসুজ্জামানের দেয়া সভাপতির ভাষণ। তিনি বলেন, রণদা প্রসাদ সাহা সামান্য অবস্থা থেকে বড় হয়েছেন। এমন উন্নতি জীবনে অনেকেই করেন। কিন্তু তিনি যেভাবে নিজের বিত্তকে জনস্বার্থে ত্যাগ করেছেন এমন দুষ্টান্ত বিরল। শেষ পর্যন্ত তিনি দেশের জন্য জীবন দিয়ে গেলেন। তাঁর কাছে আমাদের ঋণ অপরিশোধ্য। সমাজে যদি তাঁর আদর্শ ছডিয়ে যায় তবে সেই ঋণের কিছুটা পরিশোধ হতে পারে। স্মারক বক্তৃতা প্রসঙ্গে তিনি বলেন, আজকে বাংলাদেশে যে অসহিষ্ণুতার প্রকাশ, যে সাম্প্রদায়িকতার পুনরাবৃত্তি তা বাংলাদেশের মূলনীতির সাথে অসামঞ্জস্যপূর্ণ।

অধ্যাপক ড. আনিসুজ্জামান বলেন, রণদা প্রসাদ সাহার আত্মত্যাগ একদিকে সার্থক হয়েছে, বাংলাদেশ স্বাধীন হয়েছে। অন্যদিকে যে আদর্শ নিয়ে আমরা স্বাধীনতা লাভ করেছি তার বাস্তবায়ন হচ্ছে না। বাংলাদেশে এখন যে অসহিষ্ণুতার সন্ত্রাস চলছে তা আমাদের আদর্শ বিরুদ্ধ। স্মারক বক্তার সাথে একমত পোষণ করে তিনি বলেন, সংস্কৃতি ও ইতিহাস চর্চার মধ্য দিয়ে আমাদের সামনের দিকে এগিয়ে যেতে হবে। অধ্যাপক ড. আনিসুজ্জামান বলেন, আজকে যাঁরা সম্মাননা পেলেন তাঁরা প্রত্যেকেই যোগ্য, স্ব-স্ব ক্ষেত্রে তাঁরা সার্থক ও কীন্তিমান। তাঁদের তিনি অভিনন্দন এবং উপস্থিত সকলকে শুভ কামনা জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি টানেন।

সমগ্র অনুষ্ঠানটি উপস্থাপনা করেন ভারতেশ্বরী হোমসের শিক্ষক হেনা সুলতানা।

উল্লেখ্য, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের উদ্যোগে এ উপলক্ষে একটি বিশেষ স্মরণিকা প্রকাশ করা হয় যা অনুষ্ঠানের সকলের মধ্যে বিতরণ করা হয়।

very closely. She said that R P Shaha lost his mother at the age of seven only, ran away from his maternal uncle's house and started a life of hard struggle. He became very rich only to give away all that he had. He was a man who was absolutely non-communal. He urged all to follow the ideals of R P Shaha.

Dr Anisuzzaman in his concluding speech highlighted the achievement and philanthropic activities of R P Shaha. He said R P Shaha from a very humble background became very rich. Many had achieved like him but how many could sacrifice as R P Shaha did? In addition to all his wealth he finally sacrificed his life for the country. He said we owe a lot to this great man. If we can only spread his principles in the society we may be able to repay only a part of his contribution. He congratulated the recipients of the award, audiences and journalists concluded the programme.

The whole programme was presented by teacher of Bharateswari Homes Ms Hena Sultana. A special souvenir brought out by KWT was distributed among all the guests.



Prof Abdullah Abu Sayed receiving award.



প্রতি বছর ফিরে আসে অশ্রুসজল ৭ মে

Revisit of sorrowful 7 May



Mr. Rajiv Prasad Shaha, MD of KWT, delivering speech of reminiscence in the remembrance meeting.

মে মাস এলেই মির্জাপুরবাসীর চোখ সজল হয়ে ওঠে। সেখানে সংঘটিত ১৯৭১ সালের ৭ মে'র পাশবিক ঘটনায় পাকিস্তান বাহিনী ও তাদের দোসরদের ধিক্কার জানায় সকলে। সেদিন দুর্বৃত্তরা ঝাঁপিয়ে পড়েছিল এই শান্তপ্রামের নিরীহ মানুষের ওপর। হত্যা করেছিল শতাধিক নিরপরাধ গ্রামবাসীকে। ধর্ষণ লুটপাট কিছুই বাদ রাখেনি। নারায়ণগঞ্জের কর্মস্থল থেকে চিরদিনের জন্য অপহরণ করে নিয়ে যায় কুমুদিনীর প্রাণপুরুষ দানবীর রণদা প্রসাদ সাহা ও তাঁর ছেলে ভবানী প্রসাদ সাহাকেও।

মির্জাপুরে শোকাবহ এই দিনটিকে শ্বরণ করা হয় নানা কর্মসূচির মাধ্যমে। এ উপলক্ষে ঐদিন সকাল সাতটায় কুমুদিনী কমপ্লেক্সের 'আনন্দ নিকেতন'-এ শহীদদের শ্বরণে শোক সভার আয়োজন করা হয়। এতে স্মৃতিচারণ করেন কেডব্লিউটি'র ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা ও পরিচালক প্রতিভা মুৎসুদ্দি। অনুষ্ঠান শেষে কুমুদিনী নার্সিং স্কুল এভ কলেজের ছাত্রীরা প্রার্থনা সঙ্গীত পরিবেশন করেন। এর আগে শহীদদের আত্মার শান্তি কামনায় চারধর্মের পবিত্র ধর্মগ্রন্থ থেকে অংশবিশেষ পাঠ করা হয়। সভায় কমপ্লেক্সে অবস্থিত শিক্ষার্থী. শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

দুপুরে রণদা প্রসাদ সাহার পৈতৃক বাড়িতে ধর্মীয় অনুষ্ঠানাদিসহ কাঙ্গালি ভোজের আয়োজন করা হয়। কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ এন্ড হাসপাতালে আয়োজন করা হয় রক্তদান কর্মসূচির। মির্জাপুর গ্রামবাসী রণদা নাটমন্দিরে আয়োজন করেন আলোচনা সভা ও তিনদিনব্যাপী ধর্মীয় অনুষ্ঠানের।

The villagers of Mirzapur sorrowfully remember the month of May. Everybody despises the Pakistani authorities and their local collaborators for their brutality committed on 7 May 1971. That day they attacked the peaceful villagers of Mirzapur. They killed more than 100 people and carried out arson, loot, rape and all sorts of crime. They even abducted philanthropist Ranada Prasad Shaha and his son Bhavani Prasad Shaha from their Narayanganj residence. Till today both remain untraced.

This sorrowful day is remembered at Mirzapur through different programmes. On this occasion a rememberence meeting was held at the "Ananda Niketan" of Mirzapur Complex. Managing Director of KWT Mr Rajiv Prasad Shaha and Director KWT Ms Protiva Mutsuddy carried out reminiscence of that fateful day in 1971. The programme ended with prayer song performed by the students of Kumudini Nursing School & College. This was preceded by reading out excerpts from the four holy books for the salvation of the departed souls of the shaheeds. The programme was attended by students, teachers, officers and employees present in the Kumudini Complex.

In addition feeding of the destitute was carried out at the ancestral home of R P Shaha. Kumudini women's Medical College & Hospital arranged blood donation programme. The villagers of Mirzapur arranged remembrance meeting and a three day long religious programme at the Ranada temple.



রণদা প্রসাদের প্রতি...

স্বপু ছিলো হিমালয়, তাজমহল দেখার আমার কাছে আজ সবই বিলাসী, বেকার। মিটে গেছে আমার হিমালয় দেখার সাধ তোমায় দেখে গিরিরাজ রণদা প্রসাদ। তব হৃদয় যমুনার পাড়ে নেই তাজমহলের শ্বেত পাথর তবুও শতো মমতাজের হৃদয় ছুঁয়ে যায় নিরন্তর।

মানবতার জয়গানে স্বর্গের হুর যতো পুষ্প চন্দন ছিটায় এখানে নিত্য অবিরত ধর্মের মর্মবাণী মানুষ আর মানবতা তুমি নিজেই তো ধর্ম; বাইবেল গীতা। হৃদয়টা তব ওই সপ্ত আকাশ সমান তুমি কি মর্ত্যের মানুষ নাকি স্বর্গের ভগবান ?

স্বপ্লের সরোবরে ফোঁটা, তোমার ছোট কুমুদিনী আজ মাদার তেরেসার মতো বিশ্ব জননী।

ভোগের কারাগারে বন্দি; বিপন্ন মানবতা বলে, "ভালবাসার সুরভী ছড়াও রণদার মতো শতদলে আঁধার টুটে বলো, মানুষ মানুষের জন্য সব পেতে, নিজেকে নিংড়ে করো শূন্য।"

যতো ভাবি রণদা, মনে হয় রূপকথা মাটির পৃথিবীতে আনলো স্বর্গ তোমার মানবতা।

মানব কায়ায় তুমি মর্ত্য লোকের ঈশ্বর নশ্বর পৃথিবীতে নরপতি তুমি চির ভাস্বর।

কবি ডা: এম. জি. মোস্তফা

মেডিকেল অফিসার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ফুলবাড়িয়া, ময়মনসিংহ।



SPEECH BY THE PRESIDENT OF INDIA, SHRI PRANAB MUKHERJEE AT THE KUMUDINI WELFARE TRUST OF BENGAL (BD) LTD.

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গল (বিডি)-এর মির্জাপুর কমপ্রেক্স সফরকালে ভারতেশ্বরী হোমস প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে ভারতের মাননীয় রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জ্জি প্রদত্ত মূল ভাষণের বঙ্গানুবাদ

5 March, 2013

৫ মার্চ, ২০১৩



Shri Pranab Mukherjee, Hon'ble President of India, delivering his instructional speech specially for the students studying in different institutions run by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd.

Shri Rajiv Prasad Shaha, Managing Director, Kumudini Welfare Trust, Shrimati Shaha and Ms Protiva Mutsuddy, Directors of Kumudini Welfare Trust, Trustees and Staff Members of Kumudini Welfare Trust,

My dear students,

I am delighted to be here with you at Kumudini and the Bharateshwari Homes for Girls. You have put up an extraordinary performance which combines beauty with elegance, discipline and physical fitness. I am truly impressed and overwhelmed by your talent and hard work. Looking at all of you I can see that Bangladesh has a very bright future. Each of you will one day go forth into the outside world. The training and education that you are receiving here will equip you to become proud and productive citizens of your motherland. You will be the makers of a new Bangladesh. To everybody you are the representatives of the youth who aspire to see a beautiful future. Our greetings to you, the youth of Bangladesh. In the last speech of my visit to this wonderful country, I am quoting a few verses from a poem by Gurudeb Rabindranath:

শ্রী রাজীব প্রসাদ সাহা, ব্যবস্থাপনা পরিচালক, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট; মিসেস শ্রীমতী সাহা ও মিস প্রতিভা মুৎসুদ্দি, পরিচালক, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট; ট্রাস্টের কর্মীবৃন্দ এবং আমার প্রিয় শিক্ষার্থীগণ.

আমি কুমুদিনী ও ভারতেশ্বরী হোমসের ছাত্রীদের মাঝে উপস্থিত থাকতে পেরে আনন্দ বোধ করছি। তোমরা ছাত্রীরা যে মনোজ্ঞ, সুশৃঙ্খল ও শারীরিক কসরতের সুন্দর ডিসপ্লে প্রদর্শন করলে তা অসাধারণ। তোমাদের মেধা ও কঠোর পরিশ্রম প্রত্যক্ষ করে আমি সত্যিই মুগ্ধ ও অভিত্ত।

আপনাদের সকলকে দেখে আমি বাংলাদেশের অত্যন্ত উজ্জ্বল ভবিষ্যুৎকে প্রত্যক্ষ করছি। আপনারা প্রত্যেকে একদিন বহির্বিশ্ব পানে এগিয়ে যেতে সক্ষম হবেন। ছাত্রীরা এখানে যে শিক্ষা ও প্রশিক্ষণ লাভ করছ তা তোমাদেরকে মাতৃভূমির গর্বিত ও সৃজনশীল নাগরিক হিসেবে গড়ে তুলবে। তোমরাই হবে নতুন বাংলাদেশের নির্মাতা। প্রত্যেকের কাছে তোমরা হলে একটি সুন্দর ভবিষ্যৎ প্রত্যাশী যুবসমাজের নমুনাস্বরূপ।

বাংলাদেশের যুবসমাজ, তোমাদের জন্য রইল আমাদের অভিবাদন। এই অপূর্ব দেশটি সফরকালে আমার এই শেষ বক্তৃতায় গুরুদেব রবীন্দ্রনাথের একটি কবিতা থেকে কিছু অংশ উদ্ধৃত করছি-



Where the mind is without fear and the head is held high Where knowledge is free

Where the world has not been broken up into fragments By narrow domestic walls.....

Bangladesh has taken rapid strides in the field of education and women's empowerment. A growing number of girls are now attending school. I congratulate the Government of Bangladesh for taking far reaching initiatives in the field of education such as compulsory primary education, free education for girls up to class ten, stipends for female students and distribution of free text books.

Women's education is an essential pre-requisite for building a healthy and safe society. This however cannot be done by governments alone, and I am therefore glad that the Kumudini Trust has joined the national effort to impart quality education to girls in Bangladesh.

I take this opportunity to remember, with profound respect, Shri Ranada Prasad Shaha, one of the greatest philanthropists of this country. He and his family had dedicated themselves to the service of the suffering and the needy. One of Shri Ranada Prasad's priorities was to establish a hospital for the poor so that they, especially women, could receive free treatment. To spread female education, he established schools that were dedicated to girls, giving them a well - rounded education and moulding them into socially responsible women. It is sad that not only Shri Ranada Prasad Shaha but also his family suffered considerably in the days before the creation of Bangladesh. We respect them for their bravery and pay homage to their memory. It is a tribute to him that the Kumudini Trust and its affiliated bodies have grown from strength to strength, and have served the nation so well. The Kumudini hospital and medical college have been carrying out charitable work for the most needy and destitute. You are fortunate to be studying in an institution which symbolizes the highest values of selfless service.

As a small token of support of the Government of India for your efforts, I am happy to announce that we will fund the upgradation of the sewerage system of your Complex which, I understand, has been a long pending need. In addition, we will also fund the construction of an advanced waste water treatment plant system. I am happy to be informed that the project will significantly change the landscape of the Complex and that the land saved from the installation of the waste water treatment system will be gainfully used for agriculture and other productive purposes. I recall that some of you had met me as part of a Youth Delegation that visited Delhi last year. Today, I am happy to be here to meet you and to see, for myself, this remarkable institution.

I am deeply impressed by what I have seen and have no doubt that you will be outstanding citizens of Bangladesh. I wish each one of you the best of success and a bright future. *

* We could not publish this historical speech timely in the Kumudini Bulletine. We, however, now take the opportunity of publishing it in our current issue at the request of our enthusiatic readers.

চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির জ্ঞান যেথা মুক্ত, যেথা গৃহের প্রাচীর আপন প্রাঙ্গণ তলে দিবস শর্বরী বসুধারে রাখে নাই খণ্ড ক্ষুদ্র করি...।

বাংলাদেশ শিক্ষা এবং নারীর ক্ষমতায়নের ক্ষেত্রে দ্রুত অগ্রগতি

সাধন করেছে। এখন মেয়েরা অনেক বেশি করে স্কুলে পড়তে যাচ্ছে। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা, দশম শ্রেণি পর্যন্ত মেয়েদের অবৈতনিক শিক্ষা, নারী শিক্ষার্থীদের জন্য বৃত্তি প্রদান এবং বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের ক্ষেত্রে সুদূরপ্রসারী পদক্ষেপগ্রহণ করার জন্য বাংলাদেশ সরকারকে আমি অভিনন্দন জানাচ্ছি। নারীশিক্ষা হলো সুস্থ ও নিরাপদ সমাজ গড়ার পূর্বশর্ত। একা কোনো সরকারের পক্ষে একাজ সম্পন্ন করা সম্ভব নয়। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট বাংলাদেশের নারীদের উন্নতমানের শিক্ষা প্রদানে এই রাষ্ট্রীয় উদ্যোগের অংশীদার হওয়ায় আমি খুশি হয়েছি। এই সুযোগে আমি গভীর শ্রদ্ধার সঙ্গের স্বরণ করছি এই দেশের অন্যতম মহান জনসেবক শ্রী রণদা প্রসাদ সাহাকে। তিনি ও তাঁর পরিবারবর্গ দু:স্থ ও দীনদরিদ্র মানুষের সেবায় নিজেদের উৎসর্গ করেছেন। দরিদ্র মানুষ বিশেষ করে মহিলারা যাতে চিকিৎসা সেবা

পেতে পারেন সেই লক্ষ্যে একটি হাসপাতাল স্থাপন করাই ছিল শ্রী

রণদা প্রসাদের অন্যতম অগ্রধিকার।

নারীশিক্ষা বিস্তারের উদ্দেশ্যে তিনি প্রতিষ্ঠা করেন মহিলা বিদ্যায়তনযে প্রতিষ্ঠানে নারী শিক্ষার্থীদের সমাজের দায়িত্বশীল নাগরিক
হিসেবে গড়ে ওঠতে সামগ্রিক শিক্ষাদানের ব্যবস্থা রাখা হয়েছে।
পরিতাপের কথা এই যে, বাংলাদেশ মুক্ত হওয়ার পূর্বে শুধু শ্রী
রণদা প্রসাদ সাহাই নন, তাঁর পরিবারের সদস্যগণকেও অনেক
দুর্ভোগ সহ্য করতে হয়েছে। আমরা তাঁদের সাহসিকতা ও স্মৃতির
প্রতি শ্রদ্ধা নিবেদন করছি। প্রশংসার কথা এই যে, কুমুদিনী ট্রাস্ট ও
এর অধিভূত সংস্থাগুলো আরও সমৃদ্ধ হয়েছে এবং উত্তমরূপে
জাতির সেবায় নিয়োজিত রয়েছে। কুমুদিনী হাসপাতাল ও
মেডিকেল কলেজ দীনদরিদ্র ও দু:স্থদের জন্য সেবামূলক কাজ
সম্পাদন করে যাচ্ছে। এমন একটি প্রতিষ্ঠানে তোমরা ছাত্রীরা
পড়ালেখা করছ যেটি নি:স্বার্থ সেবার উচ্চতম মূল্যবোধের
প্রতীকস্বরূপ।

আপনাদের কর্মপ্রয়াসে ভারত সরকারের সহযোগিতার সামান্য নিদর্শনস্বরূপ এই কমপ্লেক্সের দীর্ঘ প্রতীক্ষিত চাহিদা পয়:নিদ্ধাশন ব্যবস্থার উন্নতিকল্পে আর্থিক সহযোগিতা দানের কথা ঘোষণা করতে পেরে আমি আনন্দিত। এছাড়া এখানে একটি উন্নত বর্জ্য পানি পরিশোধন প্রকল্প নির্মাণেও আমরা অর্থের যোগান দিচ্ছি। আমি জেনে খুশি হয়েছি যে, প্রকল্পটি বাস্তবায়িত হলে কমপ্লেক্সের প্রাকৃতিক দৃশ্যপটের উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হবে। এছাড়া বর্জ্য পানি পরিশোধন প্রকল্পটি স্থাপিত হলে যে পরিমাণ ভূমি উদ্ধার হবে তা কৃষি ও উৎপাদনশীল কাজে লাভজনকভাবে ব্যবহার করা সম্ভব হবে।

আপনাদের কেউ কেউ গত বছর যুব প্রতিনিধিদলের হয়ে দিল্লি সফরের অংশ হিসেবে আমার সঙ্গে দেখা করেছিলেন, এটি আমার স্মরণে আছে। আজ এই অসামান্য প্রতিষ্ঠানে সফরে এসে স্বয়ং আপনাদের সাথে মিলিত হতে পেরে আমি আনন্দিত।

এখানে আমি যা দেখে গেলাম তাতে আমি গভীরভাবে অভিভূত। তোমরা শিক্ষার্থীরা যে বাংলাদেশের বিশিষ্ট নাগরিকে পরিণত হবে তাতে আমার কোনো সন্দেহ নেই।

আমি আপনাদের প্রত্যেকের সর্বোত্তম সাফল্য ও উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করি।



যশোমাধবের রথযাত্রা উৎসবে কুমুদিনী পরিবারের অংশগ্রহণ

Kumudini Family Participates in Rathjatra Festival of Jashomadhaba



Rathjatra festival of Jashomadhaba at Dhamrai

ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্যে দিয়ে ধামরাইতে গত ৬ জুলাই থেকে ১৪ জুলাই অনুষ্ঠিত হয় শ্রীশ্রী যশোমাধব দেব এর ঐতিহ্যবাহী রথযাত্রা উৎসব ও মাসব্যাপী লোকমেলা।

প্রতিবারের মতো এবারও ৬ জুলাই অনুষ্ঠিত রথযাত্রার সূচনা অনুষ্ঠানে কুমুদিনী পরিবারের বিপুলসংখ্যক সদস্য-সদস্যা অংশগ্রহণ করেন।

ঐদিন প্রভাতে ধামরাই শহরের কায়েত পাড়ার যশোমাধব মন্দির প্রাঙ্গণে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত সনাতন ধর্মাবলম্বী ছাত্রীদের একটি দল ভক্তিমূলক গান পরিবেশন করেন। এসময় মা, স্ত্রী ও সস্তান-সন্ততিসহ উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক ও যশোমাধব মন্দির পরিচালনা কমিটির সাধারণ সম্পাদক রাজীব প্রসাদ সাহা। আরও উপস্থিত ছিলেন কুমুদিনী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

দেশে সাম্প্রতিক কিছু জঙ্গী ঘটনার প্রেক্ষিতে সার্বিক নিরাপত্তার জন্য মন্দির-মেলাঙ্গন জুড়ে বসানো হয়েছিল অনেক সিসি ক্যামেরা, অলিতে গলিতে ডিজিটাল নিরাপত্তা ফটক। মোতায়েন করা হয় অতিরিক্ত পুলিশ ও অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনীর কর্মীদের।

রথটানা অনুষ্ঠান শুরু হয় বিকেল সোয়া পাঁচটা নাগাদ। তার আগে বিকাল চারটায় অনুষ্ঠিত হয় শুভ উদ্বোধনী উপলক্ষে আলোচনা সভা। যশোমাধব মন্দির পরিচালনা কমিটির সভাপতি মেজর জেনারেল জীবন কানাই দাস (অব:) -এর সভাপতিতে অনুষ্ঠিত উক্ত

Rathjatra festival of Joshomadhaba and a month long folk fair was celebrated at Dhamrai from 6 to 14 July 2016 with religious fervour and enthusiasm. Like the previous years a large number of participants from KWT took part in the opening day of the festival.

Devotional songs were rendered at the temple by the students of different institutions of KWT belonging to the Sanatan religion. Mr Rajiv Prasad Shaha Managing Director of KWT who is also the General Secretary of Jashomadhaba temple managing committee was present along with his mother, wife and children. Teachers of the various educational institutions of KWT were also present.

Because of the recent terrorist threat in the country special security measures were taken. These included setting up of a number of CCTV camera, installation of archway metal detectors. Additional police and other security personnel were also employed.

Pulling of the Rath (chariot) started around quarter past 5 in the afternoon. Before that at 4 in the afternoon an inaugural meeting was held. The Convener of the Jashomadhaba temple managing committee Maj Gen Jiban Kanai Das (Retd) presided over the meeting. The





সভার প্রধান অতিথি ছিলেন স্থানীয় সংসদ সদস্য আলহাজ্ব এম এ মালেক। বিশেষ অতিথি ছিলেন ঢাকা জেলা পুলিশ সুপার, পৌর মেয়র, ধামরাই থানার ওসি, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক প্রমুখ।

যশোমাধব মন্দিরটি ধামরাই শহরের উত্তরপ্রান্তে কায়েতপাড়ায় অবস্থিত। প্রথম রথযাত্রার দিন অন্যান্য বিগ্রহের সঙ্গে যশোমাধবকে রথে করে শহরের দক্ষিণ প্রান্তে অবস্থিত যাত্রাবাড়ি মন্দিরে নেয়া হয়। সেখানে আট দিন অবস্থানের পর নবম দিবসে যশোমাধবকে ফিরতি রথযাত্রায় পুনরায় কায়েতপাড়া মন্দিরে নেয়া হয় যা উল্টোরথ অনুষ্ঠান নামে পরিচিত।

উল্লেখ্য, যশোমাধবের শতাধিক বছরের পুরানো যাত্রাবাড়ি মন্দিরটি ২০১০ খ্রিস্টাব্দে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট নবরূপে সংস্কারের কাজ সম্পন্ন করে। এই ট্রাস্টের উদ্যোগে এবার যাত্রাবাড়ি মন্দিরে রথযাত্রার প্রথম দিবসে জগন্নাথ, বলরাম ও সুভদ্রার তিনটি বিগ্রহ আনুষ্ঠানিকভাবে স্থাপন করা হয়। এ অনুষ্ঠানে কুমুদিনী পরিবারের সদস্যবর্গ উপস্থিত ছিলেন।

উল্টোরথযাত্রার অনুষ্ঠানের মধ্যে দিয়ে ১৪ জুলাই নয়দিনব্যাপী অনুষ্ঠানের সমাপ্তি হলেও লোকমেলা একমাস পর্যন্ত অব্যাহত থাকে। chief guest was local MP Alhaj M A Malek. Special guests were the SP of Dhaka district, Municipal Mayor, OC of Dhamrai Thana, General Secretary of Upazila Awami League and others.

Jashomadhaba temple is located at the northern end of Dhamrai town at Kaietpara. On the first day of the Rathjatra the Rath (chariot) was taken to the southern end of the town to Jatrabari temple. After having stayed there for eight days the Rath was again taken back to near the Kaietpara temple on the ninth day which is known as the programme of Ultorath.

This year Kumudini installed three images of Jagannath, Balaram and Subhadra at this Jatrabari temple of Jashomadhaba. More than 100 years old Jashomadhaba temple at Jatrabari was renovated by KWT in 2010. The programme was attended by the members of Kumudini family.

Though the festival ended with the pulling of the Ultorath on 14 July the folk fair continued for one month.



Images of Lord Jagannath, Balaram and Subhadra at Jatrabari temple of Jashomadhaba installed at the initiative of KWT on the inaugural ceremony of Rathjatra this year.



কেডব্লিউটি ও সিডিডি এর যৌথ উদ্যোগে প্রতিবন্ধিতা কার্যক্রমের ওপর কর্মশালা

KWT-CDD Joint Workshop on Disability Programme



Participants including doctors and experts from KWT and CDD in the workshop on disability programme held at Kumudini Hospital.

সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি) ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট (কেডব্লিউটি)-এর যৌথ উদ্যোগে গত ২০ আগস্ট মির্জাপুরে 'প্রতিবন্ধিতা ও একীভূত উন্নয়ন বিষয়ে ২০১৫-এর কার্যক্রম মূল্যায়ন ও ২০১৬-এর কর্ম পরিকল্পনা গ্রহণ' বিষয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সকাল ১০টায় কুমুদিনী হাসপাতাল কনফারেস হলে অনুষ্ঠিত এই কর্মশালার উদ্বোধন করেন কুমুদিনী উইমেস মেডিকেল কলেজের একাডেমিক উপদেষ্টা প্রফেসর ডা. আবদুল জলিল। উপস্থিত ছিলেন মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর এম এ হালিম, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার ও সুপারিনটেনডেন্ট ডা. প্রদীপ কুমার রায়, ভারতেশুরী হোমসের অধ্যক্ষ ও উপাধ্যক্ষদ্বয়, কুমুদিনী হাসপাতালের মেট্রন ও নার্সিং কলেজের উপাধ্যক্ষ।

কর্মশালায় গুরুত্ব পায় মূল স্রোতধারায় প্রতিবন্ধীদের অন্তর্ভুক্তকরণ।
এই লক্ষ্যে মূল স্রোতধারার উন্নয়ন কার্যক্রমে প্রতিবন্ধিতা বিষয়টি
একীভূতকরণের জন্য কিছু পথ নির্দেশনা বিষয়ে আলোচনা হয়।
যেমন- প্রতিবন্ধিতা বিষয়ে সচেতনতা বৃদ্ধি; মানব সন্তার ভিন্নতা /
বৈচিত্র্যকে মেনে সম্মান দেখানো; সক্রিয় অংশগ্রহণ এর মাত্রা বৃদ্ধি
করা; বৈষম্যহীনতাসহ অবস্থানমূলক পরিবেশ নিশ্চিত করা;
সার্বজনীন প্রবেশগম্যতা নিশ্চিত করা; টেকসই পরিবর্তনের
লক্ষ্যমাত্রা নির্ধারণ করা।

এই লক্ষ্যে গৃহীত নিম্নোক্ত পদক্ষেপসমূহ আলোচনা করা হয়। যেমন-

সংস্থা বা প্রতিষ্ঠানের নিয়মিত কর্মসূচিতে অন্তর্ভুক্তি নিশ্চিত করা; প্রতিবন্ধী মানুষের সাফল্য অনুধাবন ও সফলতা একীভূতকরণের উদ্যোগ গ্রহণ; প্রতিবন্ধী ব্যক্তিবর্গের উন্নয়নের পথে সম্ভাব্য A joint workshop between Kumudini Welfare Trust (KWT) and Centre for Disability in Development (CDD) was arranged on 20 August 2016 at Mirzapur to assess the programme of 2015 and take up programmes for 2016 in the field of Disability and Integrated Development.

The workshop held in the conference room of Kumudini Hospital was inaugurated by Prof Dr M A Jalil the Academic Adviser of Kumudini Women's Medical College (KWMC). Those present on the occasion were Principal KWMC Prof Dr M A Halim, Director Kumudini Hospital Dr Dulal Chandra Podder, Superintendent Dr Prodip Kumar Roy, Principal and Vice Principal of Bharateswari Homes, Matron Kumudini Hospital and Vice Principal Nursing College.

The workshop stressed upon the inclusion of the disabled in the mainstream. With that end in view the following decisions were taken: increase of awareness on disability, respect to the individual, increase of active participation by all, identification of discrimination based on situation, ensuring access, setting aim for sustainable changes.



প্রতিবন্ধিতাসমূহ সনাক্ত করে তা দূর করার জন্য একীভূত উন্নয়ন কর্মপরিকল্পনা প্রণয়ন করা। সংস্থা পর্যায়ে কতিপয় কর্মকর্তাকে একীভূতকরণ কর্মসূচি বাস্তবায়নের দায়িত্ব প্রদান। কর্মশালাটি পরিচালনা করেন CDD এর Thematic Expert মো. জাহাঙ্গীর আলম ও এমিড রাশিদুল আজম রাসেল। এই কর্মশালায় অন্যান্যদের মধ্যে অংশগ্রহণ করেন কুমুদিনী হাসপাতালের আউটডোরে কর্মরত শারীরিকভাবে প্রতিবন্ধী শিপন আক্তার ও কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের ডেন্টাল ডিপার্টমেন্টের প্রথম বর্ষের ছাত্রী মুক্তা সরকার।

কর্মশালায় একপর্যায়ে প্রতিবন্ধী ছাত্রী মুক্তা সরকার তার জীবন সংগ্রামের অভিজ্ঞতার কথা ব্যক্ত করেন। শৈশবে পলিও আক্রান্ত হয়ে পরিবারের একমাত্র সন্তান মুক্তা সরকারের দুটি পা ক্ষতিগ্রস্ত হয়। কিন্ত অদম্য ইচ্ছা ও বাবা মা এর সহায়তায় তিনি পড়াশুনা করছেন এবং কাজ্জিত ফল করে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের ছাত্রী হবার যোগ্যতা অর্জন করেন। তিনি কলেজ কর্তৃপক্ষের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন।

শিপন আক্তার তার বক্তব্যে কুমুদিনী হাসপাতালে একটি সম্মানজনক কাজ পেয়ে তিনি সামাজিক, পারিবারিক এবং মানসিক যন্ত্রণা থেকে মুক্তি পেয়েছেন বলে জানান। তিনি এখন অর্থনৈতিকভাবে স্থনির্ভর। শিপন আক্তার, মুক্তা সরকার ও কর্মশালায় অংশগ্রহণকারী বিডিএস প্রথম বর্ষের ছাত্রী নৌশিন নাইয়ার দৃঢ় ইচ্ছা প্রকাশ করেন যে, প্রতিবন্ধিতা বিষয়ে উন্নয়নের মূল স্রোতধারায় একীভূতকরণের পদক্ষেপসমূহ সফল করার জন্য তারা কাজ করে যাবেন।

ডা. দুলাল চন্দ্র পোদ্দার কর্মশালায় ২০১৫ সালে গৃহীত কর্মসূচি ও তার সাফল্য মূল্যায়ন করেন। তাঁর মূল্যায়নের মধ্যে ছিল:

অবকাঠামো উন্নয়ন, প্রতিবন্ধী ব্যক্তিদের কাজের সুযোগ সৃষ্টি করা, এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার সিম্পোজিয়াম করা,

মূল শিক্ষা ধারায় শিক্ষার্থীদের অন্তর্ভুক্তিকরণ, কুমুদিনী মির্জাপুর কমপ্লেক্সে অবস্থিত হাসপাতাল ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক ও কর্মকর্তাদের এ বিষয়ে প্রশিক্ষিত করা ইত্যাদি।

ডা. পোদ্দার জানান, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সুরক্ষা কার্যক্রমের ক্ষেত্রে কুমুদিনী অত্যন্ত সচেতন।

কর্মশালায় অংশগ্রহণ করেন কুমুদিনীতে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানগুলির শিক্ষক ও কুমুদিনী হাসপাতালের বিভিন্ন সেক্টরের কর্মকর্তাবন্দ। The following steps were discussed:

Ensuring inclusion in the organization's regular programmes, recognizing the achievement of the disabled, identifying the probable hindrance in the development of the disabled and its removal. To delegate responsibilities to specific officers for implementation of integrated programme. The workshop was conducted by the Thematic Expert Mr Md Jahangir Alam and MD Rashadul Azam Rasel of CDD.

At the workshop a student of KWMC named Mukta Sarkar who is physically challenged described her situation. As a young child she contracted polio and her two legs became disabled. Through sheer determination and support from her parents she had been able to continue her education and today she is a proud student of KWMC.

Shipon Akhtar who works at Kumudini Hospital is also physically challenged. Her job has provided her with self respect as well as financial solvency.

Dr Dulal Chandra Podder highlighted the achievement of the programme in 2015. He talked of the development in the field of physical infrastructure, creation of employment opportunity for the disabled, the raising of awareness through seminar and symposium. He also informed of the commitment of KWT in safeguarding the rights of the disabled.

Teachers of various educational institutions in Kumudini Complex including officers of Kumudini Hospital participated in the workshop.



A Cleft Lip and Palate Camp under Smile Train Project was held at Kumudini Hospital on 30 August, 2016. A total of 12 patients were treated free of cost in the Camp. In the picture (left) guardians with their baby patients are waiting for their turn and (right) a surgeon is seen operating on such a patient in the OT department of the hospital.



কুমুদিনী কমপ্লেক্সে আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল প্রতিনিধিদল

International Crimes Tribunal Delegation In Kumudini Complex



The delegation from International Crimes Tribunal (Bangladesh) discussing with the members of the Kumudini family, local freedom fighters and witnesses on the atrocities committed by the Pakistan Army in the village of Mirzapur and adjacent area and abduction of R P Shaha and his son in 1971.

দানবীর রণদা প্রসাদ সাহা ও তাঁর পুত্র ভবানী প্রসাদ সাহাসহ ১৯৭১ সালের পাক হানাদার বাহিনী ও রাজাকারদের হাতে নির্মমভাবে নিহতদের পরিবারের সঙ্গে কথা বলতে গত ২৮ জুলাই কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শন করেন আন্তর্জাতিক অপরাধ টাইব্যুনাল (বাংলাদেশ) প্রতিনিধিদলের সদস্যরা। প্রতিনিধিদলের সদস্যদের মধ্যে ছিলেন কোঅর্ডিনেটর মুহামদ আবুল হারান, কো-কোঅর্ডিনেটর এম সানাউল হক, তদন্তকারী মো. আতাউর রহমান এবং রূপল দাস। এ সময় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, সংস্থার পরিচালক প্রতিভা মুৎসুদ্দি ও পরিচালক শ্রীমতী সাহা, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার, মির্জাপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার দুর্লভ বিশ্বাস ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মাইন উদ্দিন উপস্থিত ছিলেন। প্রতিনিধি দলের সদস্যরা পুষ্টকামুরী, মির্জাপুর, আন্ধরা, সরিষাদাইর, মির্জাপুর সাহাপাড়া ও বাইমহাটি এলাকায় পাকহানাদার বাহিনী ও রাজাকারদের হাতে নিহতদের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন।

উল্লেখ্য, ১৯৭১ সালের ৭ মে দানবীর রণদা প্রসাদ সাহা ও তাঁর পুত্র ভবানী প্রসাদ সাহাকে পাকবাহিনী ও তাদের এদেশীয় দোসর রাজাকার আলবদররা নারায়ণগঞ্জের বাসা থেকে ধরে নিয়ে যায় এবং তাঁদের হত্যা করা হয় বলে ধারণা করা হয়। এছাড়া একই দিনে পাকহানাদার ও রাজাকার বাহিনী মির্জাপুর ও আশপাশের গ্রামের শতাধিক নর-নারীকে হত্যা করে। এইসব ঘটনার প্রত্যক্ষদর্শী ও নিহতদের পরিবারের সদস্যদের সাক্ষ্য গ্রহণ করেছেন বলে ট্রাইব্যুনালের তদন্তকারী কর্মকর্তাগণ জানান।

A delegation from International Crimes Tribunal (Bangladesh) visited Kumudini Complex at Mirzapur on 28 July 2016 to discuss the issue of abduction of philanthropist Ranada Prasad Shaha and his son Bhavani Prasad Shaha during our war of liberation in 1971. The delegation comprised coordinator Mohammad Abdul Hannan, co-coordinator M Sanaul Haque, investigator Md Ataur Rahman and Rupal Das. The following were present during the discussion: MD KWT Mr Rajiv Prasad Shaha, Directors of KWT Mrs Srimati Shaha and Ms Protiva Mutsuddy, Director Kumudini Hospital Dr Dulal Chandra Podder, Mirzapur Upazila Freedom Fighter commander Durlav Biswas, OC of Mirzapur Thana Md Moin Uddin. The delegation met the families of those killed by the Pakistan Army in the villages of Pustukamri, Mirzapur, Andhara, Sarishadair, Mirzapur Shahapara and Bhaimhati.

It may be mentioned that the Pakistan Army and their local collaborators abducted R P Shaha and his son Bhavani Prasad Shaha on the night of 7 May 1971 from their residence in Narayanganj. Since they have not returned till date, it is presumed that they have been killed. On the same day the Pakistan Army attacked the village of Mirzapur and adjacent area and killed more than 100 men, women and children. The investigating officer of the tribunal informed that they recorded evidence provided by the witnesses and the family members of those killed.



ভারতেশ্বরী হোমসে নবীন বরণ

Freshers' Reception at Bharateswari Homes



Freshers' reception programme for the newly admitted HSC students in Bharateswari Homes.

গত ১৪ আগস্ট নারী জাগরণের অন্যতম বিদ্যাপীঠ ভারতেশ্বরী হোমসের একাদশ শ্রেণির ছাত্রীদের নবীন বরণ অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে হোমসের পিপিএম হলে সন্ধ্যা সাড়ে সাতটায় অনুষ্ঠিত হয় একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। আয়োজন করে হোমসের ছাত্রী সংসদ।

অধ্যক্ষা প্রতিভা হালদারের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন মির্জাপুর উপজেলা নির্বাহী অফিসার মো: মাসুম আহমেদ এবং বিশেষ অতিথি ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদি। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপাধ্যক্ষ গোলাম কিবরিয়া, মিস উলফাতুননেছা সহ ভারতেশ্বরী হোমসের শিক্ষক-কর্মচারীবৃন্দ।

অনুষ্ঠানের শুরুতে নবীন বন্ধুদের চন্দনের টিপ পরিয়ে নানা উপহারে বরণ করে নেন ছাত্রী সংসদের সদস্যরা। এ পর্বে প্রধান অতিথি ছাত্রীদের উদ্দেশ্যে তাঁর ভাষণে বলেন, 'তোমরা এমন একটি শিক্ষা প্রতিষ্ঠানে এসেছ যেখানে পড়াশুনার পাশাপাশি কঠিন পরিশ্রম করতে হয়। এটি তোমাদের প্রস্তুতির পর্ব। প্রস্তুতির পর্ব যত কঠিন হবে জীবন যুদ্ধ তত সহজ হবে। জীবন যুদ্ধে তোমরা জয়ী হও এই কামনা করি।

অনুষ্ঠানে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন ছাত্রী সংসদের সহ সাধারণ সম্পাদিকা রায়হানা সুলতানা। নবীনদের পক্ষ থেকে বক্তব্য রাখেন একাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগের ছাত্রী সুমাইয়া হক। The freshers' reception for the students of Class XI of Bharateswari Homes was held on 14 August 16. On this occasion a cultural programme was arranged at the PPM Hall of the Homes at 7:30 in the evening. This was arranged by the Students' Union of the Homes.

The programme was presided over by the Principal of Bharateswari Homes Mrs Protiva Halder. Mirzapur Upazila Nirbahi Officer Md Masum Ahmed was the chief guest while Director KWT Ms Protiva Mutsuddy was the special guest. Among others Vice Principal Golam Kibria, Miss Ulfatunnesa and officers-employees of Bharateswari Homes were present.

At the beginning of the programme the freshers were presented with various gifts. The chief guest while addressing the students reminded them of the tough life that the students would undergo in addition to their studies. This toughness would prepare them to face the future. He wished the students all success.

Raihana Sultana the Assistant General Secretary of the Student's Union delivered the welcome address. Sumaiya Haq a student of Class XI Science spoke on behalf of the freshers.

The freshers presented a drama based on the life of philanthropist Ranada Prasad Shaha which was written by



সাংস্কৃতিক পর্বে নবীন ছাত্রীরা পরিবেশন করে দানবীর রণদা প্রসাদ সাহার জীবনভিত্তিক তাদেরই রচিত একটি নাটক। এতে ফুটে ওঠে দানবীবের জীবন সংগ্রামের নানা দিক।

সবশেষে ধন্যবাদ জ্ঞাপন করেন অধ্যক্ষা প্রতিভা হালদার।

them. The drama embodied the struggle of R P Shaha throughout his life.

At the end Principal Protiva Halder thanked all for their gracious presence.



Annual prize distribution ceremony for the student members of 'Pathchakra' of Bharateswari Homes Wing of Bishwasahitya Kendra was held recently. Eminent naturalist and writer Dwijen Sharma was the chief guest of the ceremony. Mr. Sharma and his wife Dr. Devi Sharma are seen sitting in the picture amongst the teachers of the institutions and prize winners.

সন্ত্রাসী কর্মকাণ্ডবিরোধী মানববন্ধন ও সমাবেশ

সম্প্রতি সংঘটিত দেশে কিছু নারকীয় ঘটনা ও জঙ্গীবাদী অমানবিক ঘটনার প্রেক্ষাপটে সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যার্থী ও শিক্ষকগণ মানববন্ধন ও সমাবেশের আয়োজন করেন। উদ্দেশ্য, জঙ্গীবাদ প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টি এবং এ সবের বিরুদ্ধে ধিক্কার জানানো।

পহেলা জুলাই গুলশানের হলি আর্টিজান রেস্তোরাঁ এবং ঈদুল ফিতরের দিন শোলাকিয়ায় ঈদগাহের সন্নিকটে সংঘটিত ধ্বংসযজ্ঞের প্রেক্ষিতে দেশের সকল সচেতন মানুষ বিক্ষুব্ধ হয়ে উঠলে দেশব্যাপী সন্ত্রাসবিরোধী কর্মকাণ্ড ও কর্মসূচি পালন তীব্রতর

দেশের সকল প্রতিষ্ঠানের সাথে সহমত পোষণ করে কুমুদিনীর সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক, হাসপাতালের চিকিৎসক, অভিভাবক, কর্মকর্তা-কর্মচারীগণ গত পহেলা আগস্ট অনুরূপ কর্মসূচি পালন করেন। তারা প্রথমে কুমুদিনী উইমেল মেডিকেল কলেজ সংলগ্ন রাস্তায় ২০ মিনিট স্থায়ী মানববন্ধন ও অবস্থান কর্মসূচিতে অংশ নেন। এতে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ভাষা সৈনিক প্রতিভা মুৎসুদ্দি, কুমুদিনী হাসপাতালের পরিচালক

Human Chain and Gathering Against Anti-Militant Activities

In view of the recent terrorist activities all over the country the students and teachers of all the educational institutions are for formation of human chain and gathering to register their protest against these heinous crimes. The main aim was to create awareness against all froms of militancy and acts of terrorism.

Because of the terrorist attack at the Holey Artisan restaurant in Gulshan, Dhaka on 1st July and the subsequent attack at the prayer gathering during Eid-Ul-Fitre at Sholakia the general public is very angry with these activities and have expressed their disgust through these programmes.

In line with the other educational institutions of the country the students, teachers, hospital doctors, guardians and officers-employees of KWT organized similar programmes on 1st August-2016. In the first phase the protesters held a sit-down programme followed



ডা. দুলাল চন্দ্র পোদ্দার, কুমুদিনী উইমেস মেডিকেল কলেজের প্রিসিপাল অধ্যাপক ডা. এম এ হালিম, ভারতেশ্বী হোমসের প্রিসিপাল প্রতিভা হালদার। কুমুদিনী নার্সিং কুল এন্ড কলেজের প্রিসিপাল সিস্টার রীনা ক্রশ।

পরে মেডিকেল অডিটবিয়াম ডা. জান্ডা হলে প্রিনিপাল প্রতিভা মৎসদ্দির সভাপতিতে একটি সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে আলোচনায় অংশ নেন অধ্যাপক ডা. এম এ হালিম, ডা. দলাল চন্দ্ৰ পোদ্ধার. শিক্ষক গোলাম কিবরিয়া. হোমসের দ্বাদশ শেণির ছাত্রী লাবণ্য সূত্রধর। সভাপতির বক্তব্য রাখেন মিস মুৎসৃদ্দি। অধ্যাপক হালিম আলোচনাকালে বলেন যে. ছাত্ৰ- শিক্ষক-



Human Chain against the recent anti-militant activities and terrorism in the country arranged by the students, teachers, doctors and employees of KWT.

অভিভাবকের বন্ধন সৃদৃঢ় থাকলে শিক্ষার্থীরা কখনই বিপথগামী হতে পারে না। লেখাপড়ার পাশাপাশি বিভিন্ন সৃজনশীল কাজে যুক্ত থাকলে তারা আচরণে মানবিক হবে এবং তাদের মধ্যে মমতুবোধ জাগ্রত হবে। ছাত্রী লাবণ্য সূত্রধর মনে করেন, সন্ত্রাসবাদ বর্তমানে একটি বৈশ্বিক সমস্যা। সুষ্ঠু সাংস্কৃতিক চর্চা ও সঠিক ধর্মীয়বোধ ও দেশপ্রেম জাগিয়ে তরুণদের বিপথগামিতা থেকে রক্ষা করা যায়। মিস মুৎসুদ্দি সভাপতির ভাষণে বলেন, দেশ ও জাতির ক্রান্তিকালে এদেশের তরুণরাই সবচেয়ে অগ্রণী ভূমিকা পালন করেছে। আমাদের অতীত অর্জনগুলো বিশ্লেষণ করলে দেখা যাবে যে, সেগুলোর মূলে ছিল তারুণ্যের অদম্য ও ঐক্যবদ্ধ শক্তি। আজ কোনো না কোনো কারণে তরুণদের কেউ কেউ বিভ্রান্ত। আমাদের বড়দের উচিত হবে তাদের শক্তিকে সৃষ্টিশীল কাজে লাগানোর ব্যবস্থা করা এবং তাদের প্রতি দৃষ্টি রাখা।

by formation of human chain on the road in front of the Medical College. Those present on this occasion were: Director KWT Ms Protiva Mutsuddy, Director Kumudini Hospital Dr Dulal Chandra Podder, Principal KWMC

> Prof Dr M A Halim, Principal Bharateswari Homes Mrs Protiva Halder and Pricipal Kumudini Nursing School & College Sister Rina Cruz. This was followed by a discussion at the medical auditorium Dr Janda Hall where Ms Protiva Mutsuddy presided. Those who took

> > in

the

discussion were: Principal Dr M A Halim, Dr Dulal Chandra Podder, teacher of Homes Golam Kibria and Labanya Sutradhar a student of Class XI of Bharateswari Homes.

part

While discussing Prof Halim said that if the bond among student-teacher-guardian remains strong than in no way can a student go astray. Ms Mutsuddy in her speech said that in any national crisis the students were always at the forefront. Analysis of our past success speaks of the strength of the youth and their strength in unity. Our duty would be to divert their mind towards creative works and always keep watch on them.



Following Human Chain and Rally a discussion meeting was held at Dr. Janda Hall. Prof. Dr. M A Halim, Principal of Kumudini Women's Medical College, is seen discussing matters relating to anti-terrorism.



জাতীয় শোক দিবস পালিত

National Mourning Day Observed



Students of Kumudini rendering patriotic songs as a part of observing the National Mourning Day.

১৫ আগস্ট। জাতীয় শোক দিবস । জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪০তম শাহাদাত দিবস। কতিপয় বিপথগামী লোকের বিশ্বাসঘাতকতায় বঙ্গবন্ধু সপরিবারে নিহত হন। নিষ্ঠুরতম হত্যাকান্ডের এ দিনটি সারাদেশে জাতীয় শোক দিবস হিসাবে পালিত হয়।

জাতির জনকের মহান আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা জানিয়ে গোটা জাতির সঙ্গে অত্যন্ত ভাবগম্ভীর পরিবেশে দিনটি পালন করে কুমুদিনী পরিবারের সদস্যবৃন্দ। এ উপলক্ষে সকাল আটটায় মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় এবং উত্তোলন করা হয় কালো পতাকা। হোমসের ছাত্রীরা বঙ্গবন্ধর জীবনভিত্তিক রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন ভাষাসৈনিক প্রতিভা মুৎসুদ্দি। এ সময় প্রদত্ত বক্তৃতায় তিনি উল্লেখ করেন যে, বঙ্গবন্ধুর স্বপ্নের কাঙ্খিত 'সোনার বাংলাকে বাস্তবায়ন করার লক্ষ্যে আমরা প্রতি বছর এদিনে তাঁকে স্মরণ করব, তাঁর স্মতির প্রতি নিবেদন করব গভীর শ্রদ্ধা। ছাত্রীদের পরিবেশিত দেশাতাবোধক গান ও কবিতা আবৃত্তি ছাড়াও দিবসের কর্মসূচির মধ্যে অন্তর্ভুক্ত ছিল আলোচনা অনুষ্ঠান এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস শীর্ষক একটি প্রামাণ্য চিত্র প্রদর্শনী। আলোচনায় অংশ নেন প্রিঙ্গিপাল প্রতিভা মুৎসৃদ্দি, হোমসের প্রিন্সিপাল প্রতিভা হালদার, সিনিয়র শিক্ষক গোলাম কিবরিয়া ও হেনা সুলতানা।

15th August is the National Mourning day and the 40th anniversary of the Shahadat Day of the father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman. Bangabandhu along with his family members lost their lives due to treachery on the part of a few individuals.

Along with the entire nation the Kumudini family observes this day with due solemnity. On this occasion the national flag was kept at half mast and a black flag was flown at Kumudini Complex. The students of Bharateswari Homes participated in a essay writing competition on the life of Bangabandhu. Director KWT Ms Protiva Mutsuddy distributed prizes amongst the winners. In her speech she said that to materialize the dream of Bangabandhu in building Sonar Bangla we remember him on this day and pay our respects to his memory.

A film depicting the freedom struggle of Bangladesh was screened on this occasion. The programme also included rendering of patriotic songs by the students. Principal Protiva Mutsuddy, Principal of Homes Protiva Halder, Vice Principal Golam Kibria and senior teacher Hena Sultana took part in the discussion.



নাইটিঙ্গেলের জন্মদিনে আন্তর্জাতিক সেবিকা দিবস উদ্যাপিত

International Nurses day Observed on the Birthday of Nightingale



Int'l Nurses Day Observed at Kumudini Nursing School & College.

গত ১২ মে কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের উদ্যোগে প্রতি বছরের মতো এবারও আন্তর্জাতিক সেবিকা দিবস উদ্যাপিত হয়েছে।

দিনটি ছিল আধুনিক নার্সিং পেশার পথিকৃত ফ্রোরেন্স নাইটিন্সেলের জন্মদিন। ইতালির ফ্রোরেন্স নগরীতে ১৮২০ সালের এই দিনে তাঁর জন্ম হয়। নাইটিন্সেলের জন্মদিনটিকে স্মরণ করেই বিশ্বব্যাপী আন্তর্জাতিক সেবিকা দিবস উদ্যাপিত হয়। ১৯১০ সালের ১৩ আগস্ট ৯০ বছর বয়সে নিদ্রিত অবস্থায় তাঁর মৃত্যু হয়।

দিবসের কর্মসূচির মধ্যে ছিল সকাল ছ'টায় প্রজ্জ্বলিত মোম হাতে নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রী-শিক্ষকবৃন্দের কুমুদিনী কমপ্লেক্স প্রদক্ষিণ, সেবিকাদের শপথ বাক্য নবায়ন এবং বিকাল পাঁচটায় কলেজ মিলনায়তনে আলোচনা সভা।

সকালে প্রজ্জ্বলিত মোম হাতে ছাত্রী-শিক্ষকদের র্য়ালিটি হাসপাতাল সংলগ্ন লাইব্রেরিতে পৌঁছালে ছাত্রীরা সেখানে তাদের সেবিকা-শপথ বাক্য নবায়ন করেন। শপথ বাক্য পাঠ করান নার্সিং স্কুল এভ কলেজের ভাইস প্রিন্সিপাল শেফালী সরকার।

বৈকালিক আলোচনা অনুষ্ঠানে যারা বক্তৃতা করেন তাদের মধ্যে ছিলেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদার, ডা. প্রদীপ কুমার রায়, নার্সিং স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল সিস্টার রীনা ক্রুশ ও ভাইস প্রিন্সিপাল শেফালী সরকার।

As in the previous years, Kumudini Nursing School & College observed the International Nurses Day on 12 August 2016. The day was the birth anniversary of founder of modern nursing Florence Nightingale. She was born on this day in 1820 in the city of Florence, Italy. This day is observed as Internal Nurses Day all over the world in memory of her birthday. She died in her sleep at the age of 90 on 13 August 1910.

The day's programme included going round Kumudini Complex by the nursing students and teachers with lighted candle in their hand, renewal of oath by the nurses and a discussion meeting in the afternoon.

In the morning when the procession of nursing students and teachers reached the library adjacent to the hospital they renewed their oath. The oath renewal ceremony was conducted by Shefali Sarkar, Vice Principal of Nursing School & College.

Those who spoke in the afternoon discussion session were: Director of Kumudini Hospital Dr Dulal Chandra podder, Dr Prodip Kumar Roy, Principal of Nursing School & Collge Sister Rina Cruz and Vice Principal Shefali Sarkar.



সরকারি পরিদর্শক টিমের কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ পরিদর্শন

Government Inspection Team Visits Kumudini Women's Medical College



Members of the government inspection team and officials of Kumudini Women's Medical College, Kumudini Hospital and KWT.

গত ১৫ জুলাই স্বাস্থ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর ও সরকারি মেডিকেল কলেজের শিক্ষকবৃন্দের সমন্বয়ে গঠিত একটি পরিদর্শক টিম মির্জাপুরে কুমুদিনী উইমেল মেডিকেল কলেজ সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শক টিমের নেতৃত্বে ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা শিক্ষা) অধ্যাপক ডা. আবদুর রশিদ।

মির্জাপুর পৌঁছালে কুমুদিনী কমপ্লেক্সের লাইব্রেরিতে পরিদর্শক টিমের সদস্যদের কলেজের ছাত্রীগণ ফুলের তোড়া দিয়ে সম্বর্ধনা জানান। পরে উপস্থিত কলেজ ও হাসপাতালের কর্মকর্তা ও শিক্ষকবৃন্দের সাথে তাঁদের প্রাথমিক আলোচনা হয়। এসময় মেডিকেল কলেজের একাডেমিক উপদেষ্টা অধ্যাপক এম এ জলিল, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার, কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক মীর সাইদুল হক, ট্রাস্টের জেনারেল ম্যানেজার মাহবুব আল নূরসহ বিভিন্ন বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন। পরে পরিদর্শক টিমের সদস্যগণ কলেজ কনফারেল কক্ষে উপস্থিত সকল শিক্ষকের সাথে মিলিত হয়ে মতবিনিময় করেন। সফরকারী পরিদর্শক দল কলেজের সার্বিক বিষয়ে সম্ভোষ প্রকাশ করেন। তবে কলেজ কর্তৃপক্ষকে নিয়মিত Quality Assurance, Phase Committee-সমূহের সভা করাসহ কতিপয় বিষয়ে পরামর্শ দেন।

A delegation comprising members from the Health Ministry, Health Directorate and representatives from government medical colleges visited Kumudini Women's Medical College (KWMC) on 15 July 2016. The team was led by Director, Health Directorate (Health Education) Professor Abdur Rashid.

On arrival at Kumudini Complex the delegation was received with flower bouquet by the students of the college. The team had a discussion meeting with the teachers and officers of the medical college and the hospital. Those present during the discussion included: Academic Adviser KWMC Prof Dr M A Jalil, Director KWT Ms Protiva Mutsuddy, Director of the hospital Dr Dulal Chandra Podder, Vice Principal of KWMC Prof Mir Sayedul Haque, General Manger of KWT Mr Mahbub Al Nur and other departmental heads.

Later the team met the teachers of KWMC at the conference room of the medical college. The delegation expressed satisfaction at the overall performance and development of the college. The team suggested the college authorities to be more vigilant regarding Quality Assurance and holding of Phase Committee meetings more often.



চলে গেলেন মানবপ্রেমী চিকিৎসক সুধা সাহা

Physician Sudha Saha Passes Away



Late Dr. Sudha Saha

কুমুদিনী হাসপাতালের আমেরিকা প্রবাসী স্বেচ্ছাসেবী স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডা. সুধা সাহা আর নেই। গত ১৭ মে মার্কিন যুক্তরাষ্ট্রের টেক্সাসের হিউস্টন শহরের একটি হাসপাতালে সেবা পরায়ণা মহৎ হৃদয়ের এই চিকিৎসক শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি বাধর্ক্যজনিত জটিল রোগে ভুগছিলেন। মৃত্যুকালে তাঁর হয়েছিল ৭৭ বছর। তাঁর জন্ম বাংলাদেশের শেরপুরে।

ডা. সুধা সাহা ও তাঁর স্বামী ডা. নিতাই চন্দ্র সাহা কলকাতার নীলরতন মেডিকেল কলেজ থেকে ১৯৬৪ সালে ডাক্তারী পাশ করেন। এরপর তারা আমেরিকায় গিয়ে উচ্চতর ডিগ্রি নেন এবং সেখানেই স্থায়ীভাবে সুনামের সঙ্গে চিকিৎসা পেশা চালিয়ে যান। চিকিৎসা পেশার পাশাপাশি এই চিকিৎসক দম্পতি নিজেদের মানবকল্যাণ–মূলক কাজে জড়িয়ে রেখেছিলেন।

১৯৯৮ সাল থেকে ডা. সুধা সাহা ও ডা. নিতাই চন্দ্র সাহা বছরে অস্তত একবার কুমুদিনী হাসপাতালে এসে নিজ দেশের রোগীদের বিনামূল্যে চিকিৎসা সেবা দিতেন। তাঁদের চিকিৎসায় বহুরোগী উপকৃত হয়েছেন।

মৃত্যুকালে ডা. সুধা সাহা স্বামী, এক ছেলে ও দুই মেয়েসহ দেশে-বিদেশে বহু আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

কুমুদিনী পরিবার ডা. সুধা সাহার বিদেহী আত্মার শান্তি কামনা করে তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে এবং তাঁর শোকসম্ভপ্ত পরিবারবর্গকে জানাচ্ছে গভীর সমবেদনা। Volunteer gynecologist of Kumudini Hospital Dr Sudha Saha who had been living in the USA passed away. He died on 17 May 2016 at Houston, Texas in the USA. She was suffering from old age complications. At death he was 77. He was born at Sherpur of Bangladesh.

Dr Sudha and her husband Dr Nitai Chandra Saha graduated from Nilratan Medical College, Kolkata in 1964. Later on they left for higher education in the USA and settled there. In addition to providing medical services the couple was also involved in other philanthropic activities.

Since 1998 this couple used to visit Kumudini Hospital at least once every year to provide free services to the poor.

At death Dr Sudha had left behind a son, two daughters and a host of friends and admirers to mourn her death. Kumudini family prays for the salvation of the departed soul and conveys its deep condolences to the bereaved family.



কুমুদিনী ফিস্টুলা কেয়ার সেবার নতুন দিগন্ত ডা. বিলকিস বেগম চৌধুরী, ফিস্টুলা সার্জন কুমুদিনী হাসপাতাল

Cured Fistula Advocate Training (CFA Training) (CFA

Cured Fistula Advocate (CFA) Training at Kumudini Nursing School. Patients and Surgeons are seen in the picture.

ঢাকা থেকে ৬০ কিলোমিটার দূরে কুমুদিনী হাসপাতাল। জায়গাটির নাম মির্জাপুর। সবুজঘেরা এ হাসপাতালের পাশ দিয়ে বয়ে গেছে লাজুক নদী লৌহজং। নির্মল বাতাসে রোগীরা বুক ভরে শ্বাস নেয় হাসপাতালের বিছানায় শুয়ে শুয়ে।

১৯৪৪ সালে স্থাপিত মাতৃসদন হাসপাতালটি এখন ৭৫০ শয্যার মেডিকেল কলেজ হাসপাতালে উন্নীত হয়েছে। অথচ শুক্ততে এটা ছিলো মাত্র ২০ শয্যাবিশিষ্ট। হাসপাতালটি শুক্ত করেন দানবীর রণদা প্রসাদ সাহা। "ক্মদিনী" তাঁর মায়ের নাম।

নারীর সন্তান প্রসবকে সহজতর এবং বিপদমুক্ত করার প্রয়াস থেকেই কুমুদিনী হাসপাতালের জন্ম। নারীর প্রসবজনিত একটি অভিশাপের নাম প্রসবজনিত ফিস্টুলা। সংক্ষেপে আমরা বলি ফিস্টুলা। এটি হলো প্রসবের অব্যবস্থার কারণে নারীর জননপথের সাথে মূত্রথলি বা মলদ্বার অথবা উভয়ের সংযোগ স্থাপন। এতে জনন পথে সারাক্ষণ মূত্র বা মল অথবা উভয়েই নি:সরিত হয়। একজন নারীর জন্য এটি হচ্ছে চরম যন্ত্রণাকর একটি বিষয়। এ অবস্থায় অনেকেই স্বামী পরিত্যক্ত হয়, পরিবার বা সমাজ থেকে বিচ্ছিন্ন হয়। শেষ পর্যন্ত একটি মানবেতর জীবন তাকে বেছে নিতে হয়। একজন নারীকে ফিস্টুলা থেকে মুক্ত করা মানে তাকে নতুন জীবনে প্রতিষ্ঠিত করা।

ইউ,এস,এ,আই,ডি (USAID) এবং এনজেন্ডার-হেল্থ, বাংলাদেশের আর্থিক সহযোগিতায় ২০০৫ সাল থেকে এখানে ফিস্টুলা রোগীর চিকিৎসা শুরু হয়। এটি এখনও চলমান।

এই হাসপাতালে ফিস্টুলা রোগীদের অপারেশন এবং পুনর্বাসন করা হয়।
একই সাথে ফিস্টুলা প্রতিরোধের জন্যও যাবতীয় কার্যক্রম চলমান রয়েছে।
একজন রোগীর ভর্তি থেকে অপারেশন শেষে সুস্থ হয়ে ছাড়পত্র পাওয়া
পর্যন্ত প্রায় মাসাধিককাল সময় লাগে। এই সব রোগীদের আসা-যাওয়া
থেকে শুরু করে হাসপাতালে থাকাকালীন যাবতীয় খরচ হাসপাতাল
কর্তৃপক্ষ বহন করেন। যোগাযোগের সুবিধার জন্য চিকিৎসা শেষে
হাসপাতাল থেকে চলে যাওয়ার সময় রোগীদেরকে একটি করে
মোবাইল ফোনও দেয়া হয়।

একটি সুসংগঠিত টিম (Team) দ্বারা ফিস্টুলা রোগীর চিকিৎসার পুরো প্রক্রিয়াটি সম্পন্ন হয়।

A New Horizon In The Services To Fistula Patients Dr. Bilquis Begum Chowdhury, Fistula Surgeon Kumudini Hospital



Surgeons are operating on a critical Fistula patient.

Kumudini Hospital came into being mainly for the services to women in providing easy and safe delivery of infants. Fistula is a curse affecting the women during child birth. This is caused due to mismanagement during child birth. This causes body waste to discharge from the birth canal. This causes an extreme painful condition for those suffering. This has caused many a women to be abandoned by their husbands and they become isolated from the society. These patients have to pass rest of their lives in subhuman condition. Curing a patient suffering from fistula is like giving her a new lease of life.

Since 2005 USAID and Engender Health, Bangladesh have been providing financial support in treating fistula patients at Kumudini Hospital. It is still continuing.

The fistula patients are operated upon at Kumudini Hospital followed by rehabilitation. At the same time programmes are also run for prevention of fistula.

For a patient right from admission into the hospital followed by operation and recuperation takes more than a month. The hospital authorities bear the entire cost which includes transportation to and from the patients home, cost of operation, food etc. For the convenience of communication the hospital provides every patient with a mobile phone. An organized team looks after the entire treatment process of the fistula patients.

A total of 492 fistula patients have been operated upon between July 2005 and August 2016. Our success rate is 78%. This rate of success is on a par with international standards. This has earned good name for Kumudini at





জুলাই ২০০৫ সাল থেকে আগস্ট ২০১৬ পর্যন্ত এই হাসপাতালে মোট ৪৯২ জন রোগীর অপারেশন করা হয়েছে। আমাদের সাফল্যের হার ৭৮%। এই হার ফিস্টুলা রোগীর অপারেশনের আন্তর্জাতিক সাফল্য মানের সাথে সাযুজ্যপূর্ণ। কুমুদিনীর এই সাফল্য জাতীয় এবং আন্তর্জাতিকভাবে প্রশংসিত হয়েছে। এতে আমরা আনন্দিত এবং গর্বিত।

আমাদের এই হাসপাতালে বর্তমানে চারজন প্রশিক্ষণপ্রাপ্ত ফিস্টুলা সার্জন কাজ করছে। মাঝে মাঝে বিশ্ব পর্যায়ের বেশ কিছু ফিস্টুলা সার্জনও এখানে অপারেশন করতে আসেন।

কুমুদিনী ফিস্টুলা কেয়ার প্রজেক্ট-এর প্রধানের দায়িত্বে আছেন ডা: দুলাল চন্দ্র পোদার। ডা. পোদার এবং ডা. বিলকিস বেগম চৌধুরী মূলত ফিস্টুলা অপারেশনের মূল দায়িত্ব পালন করেন।

ফিস্টুলা চিকিৎসার পাশাপাশি এখানে অ্যাডভোকেসি (Advocacy) কার্যক্রমণ্ড করা হয়। সচেতনতা তৈরির লক্ষ্যে তৃণমূল পর্যায়ে নারীদের উদ্বুদ্ধ করার জন্য বৈঠক করা হয়। তাদের হাতে লিফলেট, পোস্টারসহ বিভিন্ন প্রচার সামগ্রী তুলে দেয়া হয়।

আমরা প্রতিটি সুস্থ হয়ে যাওয়া ফিস্টুলা রোগীকে "ফিস্টুলা নির্মূল কর্মী" হিসেবে গড়ে তুলতে চাই। এজন্য এখানে সি,এফ,এ (Cured Fistula Advocacy) ট্রেনিং-এর আয়োজন করা হয়। এ পর্যন্ত কুমুদিনী হাসপাতালে ৫৫ জন সুস্থ হয়ে যাওয়া ফিস্টুলা রোগীকে এই ট্রেনিং দেয়া হয়েছে। এরা এখন তাদের নিজ নিজ জায়গা থেকে ফিস্টুলা রোগী খুঁজে নিয়ে আসছেন। এভাবেই আমরা ফিস্টুলা-মুক্ত বাংলাদেশের স্বপু বাস্তবায়নে অগ্রসর হচ্ছি।

ফিস্টুলা-মুক্ত বাংলাদেশ গড়ার লড়াইয়ে কুমুদিনী হাসপাতাল একটি অন্যতম ভূমিকা পালন করছে। আমাদের দৃঢ় বিশ্বাস- এই প্রচেষ্টা সফল হবেই। ফিস্টুলা আক্রান্ত নারীর নীরব কান্না থেকে মুক্ত হবে বাংলাদেশ, মুক্ত হবে পৃথিবী। এবং সেই দিন কুমুদিনী হাসপাতালের চারদিকের সবুজ আরও সবুজ হবে, পাখিদের কল-কাকলি আরও মধুরতর হবে। আঁকাবাঁকা লৌহজং নদীর কুলুধ্বনি আরও সুরেলা হবে। সেই দিনটিকে বরণ করার জন্য আমরা নিরম্ভর কাজ করে যাচ্ছি।

home and abroad. We all are very happy and proud of this achievement.

We presently have four fistula surgeons at Kumudini. At times specialist surgeons from abroad also visit Kumudini to provide additional support. Director Kumudini Hospital Dr Dulal Chandra Podder is also functioning as the chief of the Fistula Care Project. Mostly Dr Podder and Dr Bilquis Begum Chowdhury carries out fistula operation.

Along with the treatment of fistula, Advocacy programme is also run here. To create awareness at the grass root level meetings are held in presence of women from different localities. Leaflets, posters etc are also handed over to the participants of the meeting.

We wish to transform every fistula cured patient into a "Fistula Eradication Worker". Therefore, we have started Cured Fistula Advocacy (CFA) training programme. So far a total of 55 patients who got treated at Kumudini Hospital have been trained on CFA programme. They are now engaged in locating and collecting fistula patients from their localities and beyond for treatment. This is how we dream of freeing Bangladesh from the curse of fistula.

Kumudini Hospital has taken a bold step in making a fistula-free Bangladesh. We firmly believe that we shall be successful. Days are not far when entire Bangladesh and may be the whole world will be free of this curse.



In observance of International Fistula Day Kumudini arranged a programme at B P Pati Hall, Kumudini Women's Medical College on 25 May, 2016. Theme of the programme was "End Fistula within a Generation". Guests of Honours were: Dr. Alan P. Gehrich, Surgeon, USA; Dr. Charles S. Dietrich, Surgeon, USA; Ms. Marietou Satin, Deputy Director, USAID. Among others Prof. Dr. Abdul Jalil, Academic Adviser of KWMC, Dr. Dulal Chandra Podder, Director of Kumudini Hospital and Dr. Bilquis Begum Chowdhury, Fistula Surgeon, Kumudini Hospital were present.





PHOTO FEATURE

Birthday Celebration of Two Younger Members of Kumudini Family



Elder sister Rohini and younger brother Rudra.



Rohini's mummy entertaining her with a slice of delicious birthday cake.



Rudra is being entertained by his 'Bara Dida'.



Both Rudra and Rohini were offered with bunch of flowers by their friends and companions.



A scene of joyful observation at the end.





কুমুদিনী হাসপাতাল চিকিৎসা পরিসংখ্যান মে-আগস্ট ২০১৬

Kumudini Hospital Treatment Statistics

May-August 2016

		100		Territoria	Vaccination Programme	3.6	Turne	Luke	A
coules a	মে	জুন	জুলাই	আগস্ট	D-15-	May	June	July	August
ମୋମି ଓ	२৫२	bo	282	995	Polio	252	90	291	338
টিটি	290	১২৭	759	769	TT	170	127	129	159
মিজেলস	নাই	নাই	নাই	নাই	Measles	Nil	Nil	Nil	Nil
বিসিজি	760	200	252	৮৭	BCG	150	156	121	87
রোবেলা	26.9	797	787	200	Robela	159	161	141	200
ভিটা এ ক্যাপ	নাই	নাই	নাই	নাই	Vita- A Cap	Nil	Nil	Nil	Nil
প্যান্টাভ্যালেন্ট	202	২৭৯	292	৩৩৮	Pantavalent	252	279	291	338
পিসিভি	200	২৯৪	290	৩২০	PCV	258	294	270	320
আই পি ভি	নাই	নাই	নাই	নাই	IPV	Nil	Nil	Nil	Nil
					55		.00000	20000	,-,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,
হাসপাতালে ভর্তিকৃত রোগী					Patient Admitted in Hospi	tal			
	মে	জুন	জুলাই	আগস্ট		May	June	July	August
	७৫१२	4000	७७५२	७१৫৫	Admission	3572	3358	3612	3755
	11	10/20/20/20			A	118 1000000000 118			***********
বহির্বিভাগে মোট রোগী					Out Patient				
	মে	জুন	জুলাই	আগস্ট		May	June	July	Augus
	22858	22000	২১০৬২	20806		22494	21505	21062	25406
	1 2200		7.000	1 30000	-	70164		21002	20.100
হাসপাতালে মৃত্যু					Patient Death in Hospital				
	মে	জুন	ভূপাই	আগস্ট		May	June	July	Augus
				200000000000000000000000000000000000000		62	43	50	78
merani olicita	હર	80	60	৭৮	Occuption	02	43	30	/8
অস্ত্রোপচার সার্জারী					Operation Surgery				
	মে	জুন	জুলাই	আগস্ট		May	June	July	Augus
মেজর	88	86	(0	88	Major	44	46	50	Augus 44
সেমি মেজর	00	88	80	৬৩	Semi Major	35	44	43	63
						391	493	472	630
মাইনর	১৯১	তর8	892	900	Minor	391	493	412	0.50
অর্থোপেডিক্স					Orthopaedics				
14 114 11 - 44				-	o i mopmento		Ť	1.1	
	মে	জুন	জুলাই	আগস্ট		May	June	July	Augus
মেজর	২৬	৩৭	ತಂ	22	Major	26	37	30	22
সেমি মেজর	૭૨	¢8	87	৫৬	Semi Major	32	54	41	56
মাইনর	රත්ත	89-7	880	806	Minor	399	481	440	438
নাক, কান, গলা					E.N.T.				
	মে	জুন	জুলাই	আগস্ট		May	June	July	August
মেজর	20	80	28	২৮	Major	25	45	24	28
মাইনর	8	8	9	20	Minor	4	9	3	10
1000000									
গাইনি					Gynae				
	মে	জুন	জুলাই	আগস্ট		May	June	July	Augus
মেজর	২৩	৩৯	২৮	۷٥	Major	23	39	28	31
সেমি মেজর	62	85	80	৩৭	Semi Major	51	48	43	37
মাইনর মাইনর	9	9	œ.	3		7	3	5	2
AIR-18	1		4		Minor	1	3	3	- 4
অবসটেট্রিক্স					Obstetrics				
	মে	জুন	জুলাই	আগস্ট		Mov	Tuno	Tester	Anone
মেজর	224	209	280	392	Major	May	June 107	July 140	August
মেজর স্বাভাবিক			200000000000000000000000000000000000000		Major	118	107	140	172
राजापक	ঠ৮	708	206	क्रेष्ट	Normal	98	104	106	98
চক্ষু					Eye				
232			1			1 4-			
চক্ষু অপারেশন	মে	জুন	জুলাই	আগস্ট	Eye Operation	May	June	July	Augus
সর্বমোট	২১২	₹80	২৫৩	820	Total	212	240	253	420
দন্ত					Dental				
	- T								
অপারেশন দন্ত	মে	জুন	জুলাই	আগস্ট	Operation Dental	May	June	July	Augus
মেজর	৬০	৬৩	৫৩	42	Major	60	63	53	52
মাইনর	৩৬	೨೦	80	৮৩	Minor	36	30	45	83
মাইনর অপারেশন বহির্বিভাগ	মে	खून	জুলাই	আগস্ট	Minor Operation	May	June	July	August
and the state of t	২২৩	220	২৪৯	222	Out Patient	223	220	249	221
(1227-28	110	110	ZOW	740	No. 1947	and the same of th			WW.1
চচ্চু শিবির					Eye Camp				
ঠিকানা	মাস/তারিখ	পুরুষ	মহিলা	মোট	Address	Month/Date	Male	Female	Total
						8/5/2016	13	10	23
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	b/@/2036	20	20	২৩	Fulbaria, Mymensingh				
মধুপুর, টাঙ্গাইল	20/0/2026	209	চত	১৯২	Modhupur, Tangail	15/5/2016	109	83	192
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	9/6/2036	೨೦	۶۵	62	Fulbaria, Mymensingh	7/6/2016	30	21	51
মধুপুর, টাঙ্গাইল	30/6/2036	p.G	60	200	Modhupur, Tangail	15/6/2016	85	50	135
মধুপুর, টাঙ্গাইল	30/9/2036	p.7	90	267	Modhupur, Tangail	15/7/2016	81	70	151
					Fulbaria, Mymensingh	7/8/2016	135	146	281
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	9/6/2036	200	286	52.7				4/200	
মধুপুর, টাঙ্গাইল	36/6/2036	26	209	202	Modhupur, Tangail	16/8/2016	95	107	202

Published by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd. 86, Sirajuddowla Road, Khanpur, Narayanganj, Bangladesh. Tel: 7633545, 7635030, 7635051, 7635052, Fax: 880-2-7635024 e-mail: kumudini@dandylink.com, kwtdhaka@kumudini.org.bd, website: www.kumudini.org.bd

